আমাদেরসময়

তারিখ ·· 26 FEB 2016 ·· পৃষ্ঠা ··· ১৮ ··· কলাম ··· ১ ······

# বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

নায়েম ক্যাম্পাস, একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৫
ওয়েবসাইট: www.ntrca.gov.bd ও ntrca.teletalk.com.bd
ই-মেইল: ntrca2005@yahoo.com ফ্যাক্স: ০২-৫৫১৬৭৪২৭

স্মারক নম্বর: বেশিনিক/পমূপ্র/ত্রয়োদশ নিপ/৫৪১/২০১৬/২৩৭ তারিখ: ২৪ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

## ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬

দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক প্রার্থী নিবন্ধন ও প্রত্যয়নের লক্ষ্যে ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ তে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ তে প্রার্থীদের প্রথম ধাপে প্রিলিমিনারি টেস্ট গ্রহণ করা হবে। প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের দ্বিতীয় ধাপে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরবর্তী ধাপে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

২। **নিবন্ধন পরীক্ষার আবেদনপত্র:**

ক. ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে **http://ntrca.teletalk.com.bd** ওয়েবসাইটে প্রদত্ত ফরমে আবেদন করতে হবে।

খ. ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ এ অংশগ্রহণ ইচ্ছুক প্রার্থীদের প্রকাশিত এই বিজ্ঞপ্তির ৪নং অনুচ্ছেদে উল্লিখিত পদ্ধতিতে আবেদনপত্র অনলাইনে পূরণ করতে হবে।

গ. প্রকাশিত বিজ্ঞপ্তিটি **http://ntrca.teletalk.com.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। **অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের তারিখ এবং সময়সীমা নিম্নরূপ:**

ক. **Online-এ আবেদনপত্র পূরণ ও ফি জমা প্রদান শুরুর তারিখ ও সময়: ০৬/০৩/২০১৬ তারিখ বেলা ৩:০০ টা**

খ. **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৩/০৪/২০১৬ তারিখ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত**

গ. **প্রিলিমিনারি টেস্টের জন্য প্রার্থীকে অনলাইনে আবেদনের সময় সনদের হার্ডকপি (১০নং অনুচ্ছেদে বর্ণিত) প্রেরণের প্রয়োজন হবে না।** প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ ১০ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা মোতাবেক হার্ডকপি প্রেরণ করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ১০ নং অনুচ্ছেদে বর্ণিত সনদসমূহের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন।

বি.দ্র. ক. ০৩/০৪/২০১৬ সন্ধ্যা ৬:০০ টার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে (অর্থাৎ ০৬/০৪/২০১৬ তারিখ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত) SMS-এর মাধ্যমে (বিজ্ঞপ্তির ৫নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) ফি জমা দিতে পারবেন।

খ. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষায় না থেকে নির্ধারিত তারিখ ও যুক্তিসঙ্গত সময়ের পূর্বে সতর্কতার সঙ্গে প্রার্থীকে নিজে Online-এ আবেদনপত্র পূরণ ও প্রেরণ সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৪। **অনলাইন আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি:**

ক. শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী প্রার্থী যে পদে আবেদন করতে ইচ্ছুক ওয়েবসাইটে প্রবেশ করে সেই পদের রেডিও বাটন সিলেক্ট করে আবেদনপত্র Open করবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী নিজ স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে সন্নিবেশিত (Upload) করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু প্রিলিমিনারি, লিখিত, মৌখিক পরীক্ষাসহ পরবর্তী সকল কার্যক্রমে এবং উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র প্রেরণ (Submit) করার পূর্বেই **পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।** পুনশ্চঃ পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. **চূড়ান্ত ফলাফলের ভিত্তিতে উপজেলা-ভিত্তিক মেধা তালিকা প্রণীত হবে বিধায় অনলাইন আবেদনে পূরণকৃত প্রার্থীর স্থায়ী ঠিকানা কোন অবস্থাতেই পরিবর্তনযোগ্য নয়। তাই সতর্কতার সাথে অনলাইন আবেদন ফরম পূরণের জন্য প্রার্থীকে পরামর্শ দেয়া যাচ্ছে।**

ঙ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টকপি সংরক্ষণ করবেন। প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনপত্রের একটি প্রিন্টকপি ও ১০নং অনুচ্ছেদে চাহিত সনদপত্রসমূহের মূল কপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করবেন। তাছাড়া পরীক্ষা চলাকালীন আবেদনপত্রের একটি প্রিন্টকপি প্রার্থী ব্যক্তিগতভাবে সংরক্ষণ করবেন যাতে সঠিকতা নিরূপণের প্রয়োজন হলে প্রার্থী তা প্রদর্শন করতে পারেন।

চ. প্রার্থী যে পদে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে ইচ্ছুক সেই পদের বিপরীতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়/বিষয়সমূহ হতে নিবন্ধন পরীক্ষার ঐচ্ছিক বিষয় নির্ধারণ করবেন এবং তা Online আবেদনপত্রে উল্লেখ করবেন।

ছ. প্রার্থীর নিজ নাম, পিতার নাম ও মাতার নাম এসএসসি অথবা সমমানের পরীক্ষা পাশের সনদে যেভাবে উল্লেখ রয়েছে অনলাইন আবেদনপত্রে একই ভাবে পূরণ করবেন।

জ. **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পঠন এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করার প্রতি মনোযোগী হবার পরামর্শ প্রদান করা হচ্ছে।**

৫। **পরীক্ষার ফিস প্রদান:**

ক. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুসারে প্রার্থীর ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে প্রদত্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নির্ধারিত ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন।

P.T.O